



কোস্ট গার্ড সদর দপ্তর
স্বাধীনতা প্ৰশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন: ০১৭৬৯-৪৪০৯০৩

ফ্যাক্স: ০১-৮১৮১২৭৬

ই-মেইল: it@coastguard.gov.bd

৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২১. ৬২০

২০) এপ্রিল ২০২১

গত ১২ এপ্রিল ২০২১ সকাল ১০০০ ঘটিকায় সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশন সংক্রান্ত কমিটির ৫ম সভার কার্য বিবরণী

সূত্রঃ

ক। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং ৪৪.০৮.২৬৮০.০০৫.০৭.০০১.২০.৪৮৬ তারিখ ১৩ ডিসেম্বর ২০২০।

১। সূত্র মোতাবেক গত ১২ এপ্রিল ২০২১ ঘটিকায় বাংলাদেশ কোস্ট গার্ড এর ইনোভেশন টিমের ৫ম সভা ক্যাপ্টেন সাক্বির আহমেদ খান, (জি), পিসিজিএমএস, পিএসসি, বিএন, পরিচালক (আইটি ও যোগাযোগ) এর সভাপতিত্বে সদর দপ্তর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত কর্মকর্তাগণ অংশগ্রহণ করেনঃ

ক্যাপ্টেন সাক্বির আহমেদ খান	পরিচালক, আইটি ও যোগাযোগ (ইনোভেশন অফিসার)
কমান্ডার এ টি এম আতিকুল্যাহ	উপ-পরিচালক, প্রকৌশল (সদস্য)
কমান্ডার খাজা মাসুম	উপ-পরিচালক, অপারেশন্স (সদস্য)
কমান্ডার আবদুল্লাহ আল মামুন	উপ-পরিচালক, গোয়েন্দা (সদস্য)
কমান্ডার এম লোকমান হাকিম	উপ-পরিচালক, পরিকল্পনা (সদস্য)
কমান্ডার এ কে এম মিজানুর রহমান	উপ-পরিচালক, আইটি ও যোগাযোগ (সদস্য সচিব)

স্বাগত ভাষণ

২। সভার শুরুতেই সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানান এবং সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ ও সুশাসন সুসংহতকরণে বাংলাদেশ কোস্ট গার্ড সদস্যদের মধ্যে উদ্ভাবন চর্চার ভূমিকা, উদ্দেশ্য, ব্যবহার ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়ে সকলকে অবহিত করেন। এছাড়া উদ্ভাবন চর্চার জন্য গঠিত ইনোভেশন টিমের কার্যপরিধি ও কার্যক্রমের বিষয়ে আলোকপাত করেন। পরবর্তীতে সভাপতি সভার আলোচ্যসূচির বিষয়ে আলোকপাত করার জন্য কমিটির সদস্য সচিবকে আহ্বান জানান। এতদসংক্রান্ত আলোচ্য বিষয়াদি নিম্নরূপঃ

আইটেম -১। কমিউনিকেশন অ্যাপস (সীমিত)।	কার্যক্রম
৩। কোস্ট গার্ড দক্ষিণ জোনের ইনোভেশন টিম কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোন রিমোট এলাকায় হওয়ায় সকল স্টেশন, আউটপোস্ট ও জাহাজসমূহের সাথে যোগাযোগ করা অনেক কষ্ট সাধ্য। এ প্রেক্ষিতে যোগাযোগের মাধ্যম হিসেবে বর্তমানে টেলিগ্রাম অ্যাপস ব্যবহার করা হয়ে থাকে যা সুরক্ষিত নয় এবং যেখানে সকল ধরনের তথ্য আপডেট করা সম্ভব হয় না। যোগাযোগ ব্যবস্থা সহজতর করার লক্ষ্যে কোস্ট গার্ড দক্ষিণ জোনের জন্য একটি অ্যাপ্লিকেশন তৈরী করা যেতে পারে যার মধ্যে আবহাওয়া, স্পেশাল বুলেটিন, গুরুত্বপূর্ণ নির্দেশনা, পত্র আদানপ্রদান, অস্থায়ী বদলী, স্থায়ী বদলী, ছুটি ও অধিনায়কের আবেদন ইত্যাদি বৈশিষ্ট্যসমূহ বিদ্যমান থাকবে।	পরিচালক (আইটি ও যোগাযোগ)
৪। সিদ্ধান্ত। সভাপতি বাংলাদেশ নৌবাহিনীতে এ ধরনের কোন সফটওয়্যার ব্যবহার হয় কিনা তা নিশ্চিত পূর্বক বিস্তারিত তথ্য গ্রহণ করতঃ উদ্যোগটি গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	

<p>আইটেম-২। Coastal Area Operation Management System এ্যাপ্লিকেশন তৈরী করণ (সীমিত)।</p> <p>৫। আইটি ও যোগাযোগ পরিদপ্তর কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, বাংলাদেশ কোস্ট গার্ডের সকল ধরনের অপারেশন ও পেট্রোলিং এর জোন ভিত্তিক রিপোর্ট তৈরী করার জন্য একটি Coastal Area Operation Management System মোবাইল ও ওয়েব এ্যাপ্লিকেশন তৈরী করা যেতে পারে। তবে প্রস্তাবিত সফটওয়্যারটির নাম Coastal Area Operation Management System এর পরিবর্তে Coast Guard Operation Reporting System করার বিষয়ে সকলে মত প্রকাশ করেন। এছাড়াও প্রত্যেক জোন অনুযায়ী রিপোর্টিং তৈরী করার জন্য উক্ত সফটওয়্যার এর উপর একজন প্রশিক্ষিত সামরিক/অসামরিক কর্মচারী নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p> <p>৬। সিদ্ধান্ত। সভাপতি উক্ত “Coast Guard Operation Reporting System Software” নামে মোবাইল ও ওয়েব এ্যাপ্লিকেশন তৈরী করে পরীক্ষামূলকভাবে ব্যবহারের নির্দেশনা প্রদান করেন।</p>	পরিচালক অপারেশন্স
<p>আইটেম-৩। Internet of Things (সীমিত)।</p> <p>৭। আইটি ও যোগাযোগ পরিদপ্তর কর্তৃক প্রস্তাবনা দেয়া হয় যে, বর্তমান তথ্যপ্রযুক্তির যুগে সকল ধরনের যন্ত্রপাতি Internet Connection এর মাধ্যমে ব্যবহার ও পরিচালনার জন্য IoT সর্বাধুনিক ও যুগোপযোগী একটি প্রযুক্তি। এই প্রযুক্তির মাধ্যমে সকল ধরনের Electrical and Electronics Equipment যেমন বৈদ্যুতিক লাইট, ফ্যান, এসি, সকল প্রকার মটর, বিভিন্ন ধরনের Access Control এবং CC Camera Control ও মনিটরিং সহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি সুনির্দিষ্ট ওয়েবসাইট, মোবাইল, এ্যাপ্লিকেশন এবং Internet connection এর মাধ্যমে ব্যবহার ও নিয়ন্ত্রন করা যাবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p> <p>৮। সিদ্ধান্ত। সভাপতি বর্তমান প্রেক্ষাপটে উক্ত প্রজেক্টটি ছোট পরিসরে পাইলট প্রজেক্ট হিসেবে শুরু করার নির্দেশ প্রদান করেন।</p>	পরিচালক আইটি ও যোগাযোগ

৯। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ধন্যবাদ জ্ঞাপনকরতঃ ১২০০ ঘটিকায় সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ কে এম মিজানুর রহমান
কমান্ডার বিএন
পক্ষে ইনোভেশান কর্মকর্তা

বিতরণঃ
বহিস্ত্রঃ
কার্যঃ

কমান্ড্যান্ট, সিজি বেইস অগ্রযাত্রা
জোনাল কমান্ডার পূর্ব জোন
জোনাল কমান্ডার পশ্চিম জোন
জোনাল কমান্ডার দক্ষিণ জোন
জোনাল কমান্ডার ঢাকা জোন

- ই-মেইল/ফ্যাক্সের মাধ্যমে

অনুস্থঃ
কার্যঃ
সকল পরিদপ্তর/বিভাগ
সংশ্লিষ্ট সকলকে
অবগতিঃ
মহাপরিচালকের সচিবালয় - সদয় অবগতির জন্য।